

প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশ দূষণের দায়ে ঢাকা জেলার ধামরাই উপজেলার ৬ টি ইটভাটা ও ২ টি ব্যাটারী রিসাইক্লিং কারখানা ভেঙ্গে দিয়েছে এবং সর্বমোট ৪০ লক্ষ টাকা জরিমানা করেছে পরিবেশ অধিদপ্তর।

আজ ২১/১২/২০২০ ইং তারিখ বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০) এবং ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) ২০১৩ (সংশোধিত ২০১৯) এর আলোকে ঢাকা জেলার ধামরাই উপজেলার জয়পুরা এলাকায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৬ টি অবৈধ ইটভাটাকে ভেঙ্গে ফেলা হয় এবং প্রত্যেকটি ইটভাটাকে ৬ লক্ষ টাকা করে মোট ৩৬ লক্ষ টাকা জরিমানা ধার্য ও আদায় করা হয়। ইটভাটাগুলো হলো- (১) মেসার্স ইউবিসি ব্রিকস; (২) মেসার্স নির্বান ব্রিকস; (৩) মেসার্স কাজলী ব্রিকস; (৪) মেসার্স বাংলা ব্রিকস; (৫) মেসার্স সুপার ব্রিকস এবং (৬) মেসার্স মা ব্রিকস এন্ড কোং।

এছাড়াও কেউলিয়া, ধামরাই, ঢাকা এলাকায় অবৈধভাবে পরিচালিত আরিফ এন্টারপ্রাইজ ১ ও ২ (ব্যাটারী রিসাইক্লিং) নামক কারখানা দুটিকে মোবাইল কোর্টের মাধ্যমে ৪ (চার) লক্ষ টাকা জরিমানা ধার্য ও আদায় করা হয়। মোবাইল কোর্ট পরিচালনা করেন পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকার মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কাজী তামজীদ আহমেদ। এছাড়াও উক্ত অভিযানে সহায়তা করেন পরিবেশ অধিদপ্তর, ঢাকা জেলা কার্যালয়। এতে আইন শৃঙ্খলা রক্ষায় সহায়তা করেন ঢাকা জেলার পুলিশ ফোর্স।

এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কাজী তামজীদ আহমেদ জানান বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০), এবং ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুযায়ী অবৈধভাবে পরিচালিত ইটভাটার বিরুদ্ধে প্রত্যেক জেলায় জেলায় মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে শাস্তিমূলক ব্যবস্থা প্রদান করা হবে। অবৈধভাবে পরিচালিত ইটভাটার বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তরের এনফোর্সমেন্ট অভিযান অব্যাহত থাকবে।

তারিখঃ ২১/১২/২০২০ খ্রিঃ।

স্বাক্ষরিত/-
(সৈয়দ আহমেদ কবীর)
উপপরিচালক
পক্ষে
পরিচালক (মনিঃ ও এনফোঃ)
পরিবেশ অধিদপ্তর, ঢাকা।